

গমক— সঙ্গীতশাস্ত্রে 'গমক' শব্দটি অত্যন্ত ব্যাপকভাবে ব্যবহৃত হইয়াছে। বহুপ্রকার
 অলঙ্কারই গমক-পর্যায়ভুক্ত। বর্তমানে গমক একটি বিশিষ্ট অলঙ্কারের অর্থে
 ব্যবহৃত হইতেছে। একটি স্বর তাহার পূর্ববর্তী অথবা পরবর্তী স্বরের আশ্রয়ে এক
 বা একাধিকবার উচ্চারিত হইবার বিশেষ পদ্ধতিকে গমক বলা হয়। যথা—

আরোহী গমক—

র	গ	ম	প
স	র	গ	ম

 ইত্যাদি। বিভিন্ন স্বরের উপরিভাগে ক্ষুদ্র অক্ষরে লিখিত
 স্বরগুলি মুখ্য স্বরের স্পর্শস্বর মাত্র, অর্থাৎ স উচ্চারিত হইবার পর মীড় অথবা আশ
 দ্বারা র স্পর্শ করিতে হইবে, কিন্তু র স্বরের উপর স্থায়িত্ব নাই।

অবরোহী গমক—

র	গ	ম	প
স	র	গ	ম

 অর্থাৎ মুখ্যস্বর-উচ্চারণে র স্বর স্পর্শ করিয়া স স্বরে বিশ্রাম করিতে

হইবে, য স্বর এ ক্ষেত্রেও স্পর্শস্বর মাত্র।

রূপদে অনেকে আশের অল্পরূপ অলঙ্কারকেও গমক বলিয়া থাকেন।

যথা—

স প স্ব গ এই স্থলে স প আশটি গমক বলিয়াই প্রচলিত।

প তি - ত

অধিকাংশ গমকই খাণ্ডারী রীতির গানে ব্যবহৃত হয়।

গমকের শাস্ত্রোক্ত বিবরণ দেওয়া হইল।

সঙ্গীতরত্নাকরোক্ত ১৫ প্রকার গমক—

১। তিরিপ : ছোট ডমকর শব্দের দ্বায় স্বন্দর স্বরকম্পন, বাহা দ্রুতমাত্রার এক চতুর্থাংশ বেগে নিম্পন্ন হয়। অর্থাৎ বর্তমানে এক মাত্রায় দ্রুত চারিটি-বাণী বিশিষ্ট কম্পন, যথা— সসসস রররর ইত্যাদি।

২। ক্ষুরিত : দ্রুতমাত্রার এক তৃতীয়াংশ বেগে নিম্পন্ন। অর্থাৎ এক মাত্রায় দ্রুত তিনটি-বাণী-বিশিষ্ট কম্পন, যথা— সসস ররর ইত্যাদি।

৩। কম্পিত : দ্রুতমাত্রার অর্ধাংশ বেগে নিম্পন্ন। অর্থাৎ এক মাত্রায় দ্রুত দুইটি-বাণী-বিশিষ্ট কম্পন, যথা— সস রর গগ ইত্যাদি।

৪। লীন : দ্রুতমাত্রার সমান বেগে নিম্পন্ন। অর্থাৎ এক মাত্রায় দ্রুত একটি-বাণী-বিশিষ্ট কল্পন, যথা— স র গ ম ইত্যাদি।

৫। আন্দোলিত : লঘুমাত্রার বেগে কম্পিত। অর্থাৎ দ্রুতমাত্রার অর্ধাংশ বেগে নিম্পন্ন, অর্থাৎ অর্ধ মাত্রায় একটি-বাণী-বিশিষ্ট, যথা— স- র- গ- ইত্যাদি।

৬। বলি : নানাবিধ বক্রস্বযুক্ত বেগে নিম্পাদিত কম্পন। অর্থাৎ দ্রুতলয়ে নানা প্রকার বাণী মিশ্রিত, যথা— সসস গগগ পপ রর গগগ রস।

৭। ত্রিভিন্ন : যে কম্পনে স্বর তিন স্থানেই অবিশ্রান্ত গতি-সম্পন্ন। তিন স্থান বলিতে মস্ত্র, মধ্য ও তার বলিয়াই অল্পমিত হয়। যথা— পপপ সঁসঁসঁ ননন ধধধ গগগ-ররর ধ্ধ্ধ্ নন্ সস।

৮। কুঙ্গল : ইহা বলির দ্বায় বক্র কিন্তু গ্রন্থিযুক্ত, এবং কঠস্থানে নিম্পন্ন ও কোমল হইবে। যথা— সসস গগগ রগরগর গগগ মমম ধপধপম গগগ রগরগরস।

৯। আহত : অগ্রগামী স্বরকে আধার করিয়া যে স্বর নিম্পন্ন হয়। যথা— গর মগ ইত্যাদি।

১০। উল্লাসিত : যে ধ্বনি উত্তরোত্তর যথাক্রমে স্বরগুলিকে লইয়া গমন করে। যথা— স র গ ম প ধ ন।

১১। প্রাবিত : প্লুত মাত্রায় অর্থাৎ ত্রিমাাত্রা বিশিষ্ট কম্পন। যথা—

|| | | || | |
স র

১২। গুপ্তিত : যে কম্পন মনোহারী হৃদয়-যুক্ত ও গম্ভীর। যথা— গদ পদ্মগ।
স হইতে প পর্য্যন্ত মীড় গম্ভীর ও দীর্ঘ হইবে।

১৩। মূদ্রিত : যে কম্পন মুখ বন্ধ করিয়া নিম্ন। গুন্ গুন্ করিয়া শব্দ নিম্পাদিত
হইবে।

১৪। নামিত : যে গমকে স্বরগণ অবরোহক্রমে গতিপ্রাপ্ত হয়। যথা— স ন নধ
ধপ পম ইত্যাদি।

১৫। মিশ্রিত : উল্লিখিত কয়েক প্রকারের মিশ্রণে বাহ্য উৎপন্ন হয়। যথা—
সসস গগগ ররর মমম ধধ পপ রর গগ ন ধ প ম গ র স ইত্যাদি

সঙ্গীতপারিজাতোক্ত ২০ প্রকার গমকের নাম

বাহুল্যভয়ে ব্যাখ্যা করা হইল না—

- ১। চ্যবিত ২। কম্পিত ৩। প্রত্যাহত ৪। দ্বিরাহত ৫। ক্ষুরিত
৬। অনাহত ৭। শাস্ত ৮। তিরিপ ৯। ঘর্ষণ ১০। অবঘর্ষণ ১১। বিকর্ষণ
১২। স্থস্থান ১৩। অগ্রাবস্থান ১৪। কর্তরী ১৫। পুনঃস্থস্থান ১৬। ক্ষুট
১৭। নৈম্য ১৮। স্থচালু ১৯। গুপ্তিত ২০। মূদ্রা

সেনী ঘরাণায় প্রচলিত ২২ প্রকার গমকের নাম—

- ১। হুস্পিত ২। খাদৎ ৩। গণপৎ ৪। আহত ৫। অনাহত
৬। আন্দোলিত ৭। প্রহত ৮। ক্রবাহত ৯। দুরাহত ১০। অধরৎ
১১। দাস্ত ১২। তিরপ ১৩। ধরেশন ১৪। ওধরেশন ১৫। নিস্থস্থান
১৬। ওধরস্থস্থান ১৭। কর্তরী ১৮। স্যুৎ ১৯। নিম্নি ২০। ধাল
২১। স্থস্থান ২২। মদরা